DhakaProbe

সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) □ তৈরি: 13 Sep 2026, 01:29 PM


তথ্য প্রযুক্তি

# ফ্রিতে ভেরিফায়েড ব্যাজ দিচ্ছে ফেসবুক, পাবেন যেভাবে

**প্রতিবেদক: প্রোব ডেস্ক**
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM




সংগৃহীত ছবি

দিন দিন বেড়েই চলেছে এইআই দিয়ে তৈরি ভুয়া প্রোফাইল, ছবি, ভিডিও, নানা রকম গুজব। এর ফলে ছড়াচ্ছে বিভ্রান্তি এবং নানান সমস্যা।

ব্যক্তি পর্যায় থেকে শুরু করে প্রতিষ্ঠান নানা ভাবে হচ্ছে প্রতারিত। এসব রুখতে বড় পরিবর্তন আনতে যাচ্ছে সামাজিক যোগাযোগের মাধ্যম ফেসবুক।
প্রতিষ্ঠানটি প্রকৃত ব্যবহারকারী শনাক্ত করতে বিনা খরচে ভেরিফায়েড ব্যাজ চালু করতে যাচ্ছে। তবে এই ব্যাজ পেতে ব্যবহারকারীকে সেলফি ভিডিও যাচাই প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

টেক জায়ান্ট প্রতিষ্ঠান মেটা জানায়, এই ভেরিফায়েড ব্যাজ দেখাবে ফেসবুক প্রোফাইলের ব্যবহারকারী আসলেই মানুষ কিনা। তবে মেটার সাবস্ক্রিপশন সার্ভিস মেটা ভেরিফায়েড এর চেয়ে ভিন্ন। এটি সাধারণ ব্যবহারকারীদের জন্য চালু করা হচ্ছে। নতুন  এই ফেসবুক ভেরিফায়েড

ব্যাজটি বিনা মূল্যে প্রদান করা হবে।

বিনামূল্যে ফেসবুক আইডি ভেরিফাই করার নিয়ম

মেটার নতুন ভেরিফাই ব্যাজ পেতে হলে ব্যবহারকারীকে অবশ্যই নিজের সেলফি ভিডিও ধারণ করতে হবে। সেই ভিডিও অ্যাকান্ট মালিকের ছবির সঙ্গে মিলিয়ে পরিচয় যাচাই করবে।

ভেরিফাই ব্যাজ পাবেন যারা

ফেসবুকে ভেরিফাই ব্যাজ পেতে হলে ব্যবহারকারীকে অবশ্যই কয়েকটি শর্ত পূরণ করতে হবে। এর মধ্যে রয়েছে,

ব্যবহারকারীর বয়স কমপক্ষে ১৮ বছর হতে হবে।

অ্যাকাউন্টটি ফেসবুকের কমিউনিটি স্ট্যান্ডার্ড অনুযায়ী ভালো অবস্থায় থাকতে হবে।

প্রতারণা, ভুয়া পরিচয় বা সন্দেহজনক কার্যকলাপের ইতিহাস থাকা যাবে না।

এই প্রক্রিয়ায় পরিচয় যাচাইয়ে সফল হতে হবে। পরিচয় যাচাই সম্পন্ন হলে ব্যাজটি ফেসবুকের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে দেখা যাবে। যেমন - প্রোফাইল, মার্কেটপ্লেস, গ্রুপ ও ফেসবুক ডেটিং।

মেটা জানায়, কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআইয়ের মাধ্যমে এখন খুব সহজেই ভুয়া ছবি, ভুয়া পরিচয় এবং বিশ্বাসযোগ্য প্রোফাইল তৈরি করা যাচ্ছে। এসব ব্যবহার করে প্রতারণা, জালিয়াতি এবং ভুয়া অ্যাকাউন্টের সংখ্যা বাড়ছে। নতুন □ফেসবুক ভেরিফায়েড□ ব্যাজের মাধ্যমে ব্যবহারকারীরা অন্তত বুঝতে পারবেন, যার সঙ্গে যোগাযোগ করছেন তিনি একজন বাস্তব ব্যক্তি কি না। তবে মেটা স্পষ্ট করেছে, এই ব্যাজ কোনো ব্যক্তির সততা বা বিশ্বাসযোগ্যতার নিশ্চয়তা দেয় না। এটি শুধু পরিচয় যাচাইয়ের প্রমাণ। তাই অনলাইনে লেনদেন বা ব্যক্তিগত তথ্য শেয়ার করার আগে সব সময় সতর্ক থাকা প্রয়োজন।


তবে নতুন এই □ফেসবুক ভেরিফায়েড ব্যাজ□ ধাপে ধাপে চালু করা হবে বলে জানিয়েছে মেটা। নির্বাচিত কয়েকটি দেশে চালুর পর পর্যায়ক্রমে বিশ্বের অন্যান্য দেশেও ফিচারটি সম্প্রসারণ করা হবে। তবে কোন কোন দেশে প্রথমে চালু হবে, সে বিষয়ে এখনো জানা যায়নি।

এআই প্রযুক্তির ব্যাপক প্রসারের সঙ্গে অনলাইনে ভুয়া পরিচয়ের ঝুঁকিও বৃদ্ধি পাচ্ছে। ভুয়া পরিচয় ব্যবহার করে ভুয়া আইডি থেকে গুজব ও প্রচারণার প্রবণতাও বৃদ্ধি পাচ্ছে। এমন পরিস্থিতিতে সাধারণ ব্যবহারকারীদের জন্য বিনা মূল্যের পরিচয় যাচাই ব্যবস্থা চালু করা ফেসবুকের একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হতে পারে।

সূত্র : এনগ্যাজেট

---

এ বিভাগের আরও খবর




### এআইয়ের নকশায় তৈরি হলো নতুন ভাইরাস

কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআইয়ের ব্যবহার এতদিন মূলত লেখা, ছবি, সফটওয়্যার কিংবা তথ্য বিশ্লেষণের মধ্যেই সীমাবদ্ধ ছিল। এবার জীববিজ্ঞানের আরও গভীরে...




### যদি হঠাৎ হারিয়ে যায় চাঁদ, কী ঘটবে পৃথিবীতে?

রাতের আকাশে আলো ছড়ানো চাঁদ আমাদের চেনা পৃথিবীর এক অবিচ্ছেদ্য অংশ। ভাবুন তো একবার, যদি হঠাৎ চাঁদ গায়েব হয়ে যায় তাহলে কেমন হবে আমাদের পৃথিবী,...



### ৭.৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্পে কাঁপল ইন্দোনেশিয়া

ইন্দোনেশিয়ার ফ্লোরেস অঞ্চলে ৭ দশমিক ৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্প হয়েছে। এ ভূমিকম্পের পর সুনামির আশঙ্কায় স্থানীয় বাসিন্দাদের নিরাপদ স্থানে সর...



### এ সপ্তাহেই দিন হবে রাতের মতো: বিরল এই সূর্যগ্রহণ দেখতে নতুন পরীক্ষা চালাচ্ছেন বিজ্ঞানীরা

সূর্যের সবচেয়ে বাইরের স্তর করোনা সম্পর্কে আরো দ্রুত ও বিস্তারিত তথ্য সংগ্রহের লক্ষ্যে নতুন একটি বৈজ্ঞানিক যন্ত্র তৈরি করেছেন ইতালির একদল গবে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/ict-/frite-bherifayed-bjaj-dichchhe-fesbuk-paben-jebhabe